গল্প নয় সত্যি

সমবায়ের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি,মানুষের আর্থিক উন্নয়ন আজ আর গল্প নয় সত্য। পটুয়াখালী জেলার বিভিন্ন সমবায় সমিতি উহা বাস্তবে পরিনত হয়েছে। যেমন: নব-দিগন্ত বহুমূখী সমবায় সমিতি লিঃ

ভূমিকাঃ

বরিশাল বিভাগের পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলার একেবারে প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত নব-দিগন্ত বহুমূখী সমবায় সমিতি লিঃ। যার পরিচিতি এখন জাতীয় পর্যায়ে বিস্তৃত। অর্থলোভী মহাজনদের করাল গ্রাস থেকে এলাকার দারিদ্র জনগোষ্ঠীকে বাঁচানোর জন্য সুবিদখালী বাজারের কয়েকজন ব্যবসায়ী ও এলাকাবাসী মিলে মাত্র ২০জন সদস্য ৪০০টাকা পুঁজি নিয়ে ২০০৯সালে নব-দিগন্ত বহুমূখী সমবায় সমিতি লিঃ প্রতিষ্ঠা করেন। প্রথমে মিটিং/সভা করার জন্য প্রতিষ্ঠান/সমিতি থেকে খরচ বহন করা হত না। সমিতি পরিচালনার দায়িত্বে যারা ছিলেন তারাই নিজেদের থেকে মিটিং/সভার ব্যয়ভার বহন করতেন। এরপর সমিতির মূলধন বৃদ্ধি পাওয়ায় ২০০৯সালে নব-দিগন্ত বহুমূখী সমবায় সমিতি লিঃ নামে দপ্তর হতে নিবন্ধন লাভ করেন। অতপরঃ সমবায় দপ্তর হতে সমিতির উপ-আইন সংশোধন করে এর নাম করন করা হয় নব-দিগন্ত বহুমূখী সমবায় সমিতি লিঃ। বর্তমানে এলাকার মানুষের কাছে নব-দিগন্ত বহুমূখী নামেই বেশি পরিচিত।

**সমিতির লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

সমিতির সদস্যদের মধ্যে মিতব্যয়ী, সঞ্চয়ী মনোভাব বৃদ্ধি, পরস্পরেরা সাথে সু-সম্পর্ক সৃষ্টি, পারস্পরিক সহযোগিতা ও বিশ্বাস স্থাপন, নিজেকে আত্ম-নির্ভরশীল করে গড়ে তোলা, উৎপাদনমূলক কার্যক্রম গ্রহন, নতুন নতুন কর্ম-সংস্থান সৃষ্টি, লাভজনক খাতে বিনিয়োগ, সদস্যদের মধ্যে ঋন বিতরনের জন্য তহবিল সৃষ্টি এবং সার্বজনীনভাবে সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন করা। উপরোক্ত উদেশ্যগুলোর বাস্তবায়ন করার লক্ষ্যে সমিতির ব্যবস্থাপনা কমিটি নিরলসভাবে ও গতিশীলতার সাথে কাজ করে যাচ্ছে।

পরিচালনা পদ্ধতিঃ

প্রতি ৩ বছর পরপর সদস্যদের মাধ্যমে গণতান্ত্রিক প্রক্রিয়ায় ৬ সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি নির্বাচিত হয়ে থাকে। তাদের কার্যক্রম সহযোগিতা করার জন্য ৪ টি উপ-কমিটি রয়েছে যেমন-ঋণদান কমিটি, অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি, নারী বিষয়ক কমিটি, জমি ক্রয়-বিক্রয় ও উন্নয়ন কমিটি। কমিটিবৃন্ধ স্বেচ্ছাসেবী হওয়ায় তাদের গৃহিত সকল সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ১২জন বেতনভুক্ত কর্মকর্তা-কর্মীর মাধ্যমে সদস্যদের দেওয়া সিদ্ধান্ত বাস্তবায়ন করে থাকেন। এই কমীর্রা প্রতিদিন সকাল ৯.০০টায় অফিসে এসে পাঠচক্রে মিলিত হয়। এ সময় সমিতির প্রধান নির্বাহী তাদের দৈনন্দিন কার্যক্রমের দিক নির্দেশনাও দিয়ে থাকেন।

বর্তমান সম্পত্তি ও আর্থিক অবস্থাঃ

সমগ্র উপজেলা ব্যাপী (মির্জাগঞ্জ) কর্ম এলাকা নিয়েই সমিতির মূল কার্যক্রম। ৩০ শে জুন ২০২১ খ্রি. তারিখে সমিতির মোট সদস্য সংখ্যা সহযোগী সহ ২,৮১২জন সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ১৩,৩২,৭৮০/-টাকা, সঞ্চয় আমানত ১৫,৫৪,৮৭,৫৭৯/-টাকা। সমিতির স্থায়ী সম্পদ ৪,১৬,৬৬,১৬৯/- টাকা। সমিতির চলতি সম্পদ ৪,২২,৪৯,৫৫৮/-টাকা। সমিতির ঋন বিনিয়োগ ৭,৭৯,৪৮,২৭১/-টাকা। সমিতির সর্বমোট কার্যকারী মূলধন ১৬,০৩,৭২,২৭৩/- টাকা।

| ২০২০-২০২১অর্থ বছরের বিশেষ সাফাল্য | | | | |
|---|---|---|---|---|
| নীট লাভ অর্জন | লভ্যাংশ অর্জন | লভ্যাংশ বিতরণ | লভ্যাংশ প্রাপ্ত সদস্য | সিডিএফ প্রদান |
| ৫০০৩১৩ | ৩৩৫২১২ | ২৯৩৯৩৮ | ৮৯২ | ১৫০০৯ |

এছাড়াও সমিতির কর্ম এলাকায় সমিতির শিরোনামে ৩৭৫.৬৬শতাংশ জমি ক্রয় করা হয়েছে। উক্ত জমিতে ইঞ্জিনিয়ারিং প্লানের মাধ্যমে আবাসন প্রকল্প করে প্লট হিসেবে সদস্যদের মাঝে সাশ্রয়ী মূল্যে বিক্রয় করা হচ্ছে।

হিসাব সংরক্ষন পদ্ধতিঃ

নির্ভূল হিসাব প্রণয়নের জন্য আদায় রশিদ এর মাধ্যমে সমিতির হিসাব পরিচালনা করা হয় এবং প্রত্যেক সদস্যদের ব্যক্তি গত খতিয়ানের পাশাপাশি পাশ বই এর মাধ্যমে হিসাব পরিচালনা করা হয়।

সমিতির চলমান প্রকল্প ঃ

০১। সঞ্চয়, ০২। সাধারণ সদস্য ঋণ কার্যক্রম, ০৩। বাজার ভিটি বন্ধকী ঋণ কার্যক্রম, ০৪। সঞ্চয় পত্র, ০৫। দ্বিগুন আমানত জমা ও ঋণ কার্যক্রম, ০৬। এফডিআর জমা ও ঋণ কার্যক্রম, ০৭। সাপ্তাহিক সঞ্চয় ও ঋণ কার্যক্রম, ০৮। ইট ভাটা প্রকল্প, ০৯। ফিলিং স্টেশন প্রকল্প, ১০। মৎস চাষ প্রকল্প, ১১। হাস মুরগী লালন পালন প্রকল্প, ১২। গরু মোটা তাজা করন প্রকল্প।

কর্মসংস্থানের সৃষ্টিতে অবদান ঃ

সমিতির সদস্যদের আত্মনির্ভরশীল ও সঞ্চয়ে উদ্ধুদ্ধ করার লক্ষ্যে সমিতির মাধ্যমে শিক্ষা সেমিনারের আয়োজন করা হয়। সমিতির সদস্যদের ভাগ্য উন্নয়নের জন্য সমিতির সঞ্চিত তহবিল সদস্যদের মধ্যেই সহনীয় মুনফার ঋণ হিসেবে বিতরণ করা হয়। কর্মসংস্থানের জন্য সমিতি সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। যেমন: ১. মহিলাদের সেলাই প্রশিক্ষণ; ২. হাস-মুরগি ও পশু পালন; ৩. মৎস্য চাষ; ৪. কৃষি প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে সদস্যদের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করা হয়। যার ফলে সমিতির মাধ্যমে মির্জাগঞ্জ উপজেলায় প্রায় ৮০০লোকের সরাসরি ভাগ্যের পরিবর্তন ঘটেছে। এছাড়াও ৭শত লোকের সরাসরি কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে।

এছাড়া অফিসের যাবতীয় কার্যক্রম কর্মচারীদের মাধ্যমে সম্পাদন করা হয়। কমিটির সিদ্ধান্ত কর্মীরা বাস্তবায়ন করে থাকে। যার জন্য ৯ জন কর্মী নিয়োজিত রয়েছে।

| ক্রমিক নং | নাম | পরিচিতি নং | পদবী | বেতন |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ বশির উল আলম | ১/০২ | ম্যানেজার | ১৬,০০০/- |
| ০২ | মোঃ আব্বাস আহমেদ | ২/২২ | হিসাব রক্ষক | ১১,৫০০/- |
| ০৩ | আসমা আক্তার | ২/০২ | হিসাব রক্ষক | ১২,৫০০/- |
| ০৪ | জুলেখা আক্তার | ২/১৭ | হিসাব রক্ষক | ১২,৪০০/- |
| ০৫ | আবুল কালাম আজাদ | ২/৩৪ | হিসাব রক্ষক | ১০,০০০/- |
| ০৬ | মোসাঃ আফরোজা খানম | ২/১৯ | মাঠকর্মী | ১১,০০০/- |
| ০৭ | শ্রী মতি কৃষ্ণা রানী দাস | ২/২৩ | মাঠকর্মী | ৯,৬০০/- |
| ০৮ | মোসাঃ জেসমিন বেগম | ২/৩৩ | মাঠকর্মী | ৯,০০০/- |
| ০৯ | মোঃ জসিম উদ্দিন খান | ২/৩৬ | মাঠকর্মী | ৭,০০০/- |
| ১০ | মোঃ মনিরুল ইসলাম | ২/৩৮ | মাঠকর্মী | ৭,০০০/- |
| ১১ | মোসাঃ ফারজানা ইয়াসমিন | ২/৪১ | মাঠকর্মী | ৬,০০০/- |
| ১২ | আব্দুল বারেক হাং | ৩/০১ | পিয়ন | ৮,০০০/- |

নারী নেতৃত্বে অবদান ঃ

বর্তমানে সরকারের সাথে তাল মিলিয়ে নারী নেতৃত্ব বিকাশে বিশেষ ভূমিকা পালন করছে উক্ত প্রতিষ্ঠান। সমিতির নারী সদস্যদের মধ্য থেকে ৭ সদস্য বিশিষ্ট একটি নারী বিষয়ক কমিটি গঠন করা হয়েছে। উক্ত নারী কমিটির নেতৃত্বে একাধিকবার নারীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে শিক্ষা সেমিনারের মাধ্যমে উৎসাহ ও সহয়তা প্রদানের পদক্ষেপ নেয়া হয়েছে। নারীদের স্বাস্থ্য বিষয়ে স্বাস্থ্যকর্মীদের মাধ্যমে বিভিন্ন জনসচেতনামূলক পরামর্শ দেওয়া হয়ে থাকে।

সামাজিক সেবামূলক কার্যক্রম ঃ

১। সদস্য মারা গেলে বা সদস্যপদ প্রত্যাহার করলে স্থায়ী সম্পদের বিপরীতে মোট ক্রয়কৃত শেয়ারের ১০০% টাকা প্রদান।
২। দুস্থ ও অসহায় মেয়েদের বিয়েতে আর্থিক অনুদান প্রদান।
৩। গরীব সদস্যদের চিকিৎসা অনুদান প্রদান।
৪। ধর্মীয় অনুষ্ঠানে আর্থিক সহযোগিতা প্রদান।
৫। খ্যাতিমান চক্ষু হাসপাতালের সহযোগিতায় বিনামূল্যে চক্ষু চিকিৎসা প্রদান।
৬। সেমিনারের মাধ্যমে নারীদের স্বাস্থ্য বিষয়ক পরামর্শ প্রদান।
৭। প্রতি বছর ডিসেম্বর মাসে বিজয় দিবসের মর্যাদা রক্ষা ও সম্মানার্থে শিশু-কিশোরে হিসাবধারীদের নিয়ে চিত্রাঙ্কণ ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং ৫ টি ক্যাটাগরিতে মোট ১৫ জনকে পুরস্কার প্রদান করা হয়।
৮। সদস্যদের মেধাবী ছেলে-মেয়েদের এককালীণ বৃত্তি প্রদান করা হয়।

করোনা যুদ্ধে মাননীয় প্রধানমন্ত্রীর আহ্বানের সাথে একাত্বতা ঘোষনা করে মানবিক মূল্যবোধ থেকে নব-দিগন্ত বহুমূখী সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে সমিতির পক্ষ থেকে সদস্য ও এলাকার হতদরিদ্রদের মাঝে চাল, ডাল, পিয়াজ, আলু, ও তৈল বিতরন করা হয়।

নব-দিগন্ত বহুমূখী সমবায় সমিতি লিঃ অর্জন ঃ

এলাকার জনগণকে সমবায়ের মাধ্যমে সংগঠিত করে পুঁজি গঠন এবং মৎস্য চাষ, গরু মোটা জাত করণ, হাঁস-মুরগি পালনসহ বিভিন্ন আত্ম-কর্মসংস্থান সৃষ্টি, সমিতির সদস্যদের মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান, বিনামূল্যে গাছ বিতরণ, চিকিৎসা সহায়তা প্রদান ও ধর্মীয় প্রতিষ্ঠানে সাহায্য-সহযোগিতা করে স্থানীয়ভাবে অর্থনৈতিক ও সামাজিক কর্মকান্ডে ব্যাপক সফলতা অর্জন করায় বিগত ০৫ নভেম্বর ২০১৬খ্রি. তারিখে “বহুমূখী” শ্রেনিতে জাতীয় শ্রেষ্ঠ সমবায় পুরষ্কার- ২০১৪প্রাপ্ত হয়।

পরিশেষ ঃ

সমিতির সংগঠিত কার্যক্রমগুলো ভবিষ্যৎ প্রজন্মের নিকট শক্তিশালী অর্থনৈতিক প্রতিষ্ঠান হিসেবে লাভ করুক এই প্রত্যাশায়।